দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUL 29 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বই না আসায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রামের ক্লাস শুরু হয়নি

॥ ঝিনাইদহ সংবাদদাতা ॥

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রামে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের ৬ মাস পেরিয়ে গেলেও বই হাতে এসে পৌছায়নি। কবে আসবে তা বলতে পারেন না উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্থানীয় কর্তৃপক্ষ। ঝিনাইদহ জেলায় এবার এসএসসি-প্রোগ্রামে ভর্তি হয়েছে ১২শ' ছাত্র ছাত্রী। এর আগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দু'-দু'বার ক্লাস শুরু করবার ঘোষণা দেয়। কিন্তু বই না পৌছানোয় তা সম্ভব হয়নি। গত ডিসেম্বর থেকে এসএসসি প্রোগ্রামে ভর্তি প্রক্রিয়া শুরু হয় এবং চলে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত। ভর্তির সময় ছাত্র-ছাত্রী প্রতি ভর্তি ফি ও বই বাবদ ১৪শ' ৭৫ টাকা করে নেয়া হয়। এছাড়াও যেসব স্কুলে তারা ভর্তি হয়েছে সেসব স্কুল কর্তৃপক্ষ অফিস খরচ বাবদ আরো ২৫ টাকা করে নেয়। ভর্তির সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বলেছিলেন, এপ্রিল মাসে তাদের হাতে বই পৌছবে এবং ক্লাস শুরু হবে। তারপর চার মাস পেরিয়ে গেলেও বই পৌছায়নি। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ঝিনাইদহ অফিসে টেলিফোনে যোগাযোগ করলে একজন বলেন, এ মাসের শেষে বই আসবে, আবার বলেন বই কবে আসবে যশোরে যোগাযোগ করে জেনে নিন। শৈলকুপা হাইস্কুলের প্রধান শিক্ষক জানান, আগামী ৪ আগস্ট ফের ক্লাস শুরুর তারিখ দিয়েছে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। তবে বই না আসলে ক্লাস শুরু সম্ভব হবে না বলে তিনি জানান।